# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-07-2026** **Time: 7.50 PM**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ কলকাতায় মুখ্যমন্ত্রীর সঙ্গে কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর বৈঠক। কৃষিক্ষেত্রে আমূল পরিবর্তনের লক্ষ্যে পশ্চিমবঙ্গকে পূর্ব ভারতের সিড হাব বা বীজ ভাণ্ডার হিসেবে গড়ে তোলা হবে বলে জানালেন শিবরাজ সিং চৌহান।

২/ পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে রাজ্যে বিভিন্ন সরকারি দফতর ও প্রতিষ্ঠানে দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসুর নেতৃত্বে এক সদস্যের তদন্ত কমিশন গঠন করল রাজ্য সরকার।

৩/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ কলকাতায় অরণ্য সপ্তাহের সূচনা করেছেন।

৪/ সন্ত শোভাযাত্রার মধ্য দিয়ে আজ হুগলিতে বৈদ্যবাটি থেকে তারকেশ্বর শ্রাবণী মেলার পুণ্যযাত্রার সূচনা হয়েছে।

৫/ প্রায় ২০ বছর পর একটি অনুষ্ঠানে যোগ দিতে কলকাতায় আসছেন লেখিকা তসলিমা নাসরিন।

৬/ দক্ষিণবঙ্গে আগামীকাল পর্যন্ত বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকলেও বৃহস্পতিবার থেকে তা আবার বাড়বে বলে আলিপুর আবহাওয়ার দফতর জানিয়েছে।

---

কৃষিক্ষেত্রে আমূল পরিবর্তনের লক্ষ্যে পশ্চিমবঙ্গকে পূর্ব ভারতের 'সিড হাব' বা বীজ ভাণ্ডার হিসেবে গড়ে তোলা হবে বলে কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন। নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠকের পর তিনি জানান, উন্নত বীজ উৎপাদন থেকে শুরু করে গবেষণা, মৃত্তিকা বিশ্লেষণ এবং উচ্চমানের ফলের চারা তৈরিতে পশ্চিমবঙ্গকে নতুন কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে।

**বাইট – শিবরাজ সিং চৌহান**

মন্ত্রী বলেন, পাট উৎপাদনে দেশের শীর্ষ রাজ্য হওয়া সত্ত্বেও এতদিন পাটের বীজের জন্য পশ্চিমবঙ্গকে অন্ধ্রপ্রদেশের উপর নির্ভর করতে হতো। আলু ও ভুট্টার বীজও আসত ভিনরাজ্য থেকে। এই নির্ভরতা দূর করতেই রাজ্য সরকারের সঙ্গে সমঝোতা স্মারক পত্র-মৌ স্বাক্ষর হয়েছে।

কৃষি গবেষণা ও আধুনিক চাষাবাদে জোর দিয়ে রাজ্যে চারটি নতুন প্রশিক্ষণ কেন্দ্র ও গবেষণাগার স্থাপনের অনুমোদনও দেওয়া হয়েছে। মৃত্তিকার বৈজ্ঞানিক পরীক্ষা করে কোন অঞ্চলে কোন ফসল সবচেয়ে উপযোগী, সেই ভিত্তিতে কৃষকদের পরামর্শ দেওয়া হবে। এর ফলে উৎপাদনশীলতা বাড়ানোর পাশাপাশি কৃষকদের আয় বৃদ্ধির পথও প্রশস্ত হবে বলে মনে করছে প্রশাসন।

আম, লিচু এবং অন্যান্য ফলের উন্নতমানের 'ক্লিন প্ল্যান্ট' চারা উৎপাদনের জন্য ভারতীয় কৃষি গবেষণা পরিষদের অধীনে ১০০ কোটি টাকার একটি মেগা প্রকল্প অনুমোদন করা হয়েছে। এছাড়া, হুগলির চুঁচুড়া ধান্য গবেষণাকেন্দ্রের আধুনিকীকরণ করে একটি 'সেন্টার অফ এক্সিলেন্স' হিসেবে গড়ে তোলার সিদ্ধান্তও নেওয়া হয়েছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী।

-------------------

আবহাওয়া ও মাটির সঙ্গে সামঞ্জস্য রেখে রাজ্যে কৃষির উন্নয়নে কেন্দ্রীয় সরকার একটি আধুনিক ও বিজ্ঞানসম্মত রূপরেখা তৈরির কাজ শুরু করেছে। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান রাজ্যে প্রাণী সম্পদ বিকাশ, গ্রামোন্নয়ন, কৃষি উৎপাদন, মৎস্য চাষ সহ বিভিন্ন বিষয়ে আজ নবান্ন সংলগ্ন সভাঘরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ, কৃষিমন্ত্রী দুধকুমার মন্ডল, নাবার্ড-এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। পরে সাংবাদিকদের শ্রী চৌহান বলেন, কৃষি বিশ্ববিদ্যালয় ও গবেষনা কেন্দ্রের সহযোগিতায় রাজ্য সরকারের সঙ্গে যৌথভাবে এই রূপরেখা তৈরির কাজ চলছে। বর্ষার মরসুমের কারণে প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে সমীক্ষার কাজ শেষ করে প্রাপকদের তালিকা তৈরির সময়সীমা ১৫ই আগষ্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ভি বি জি রাম জি প্রকল্পে বছরে ১২৫ দিনের কাজ সুনিশ্চিত করতে ইতোমধ্যে ২ কোটি ৫৬ লক্ষ জব কার্ড দেওয়া হয়েছে বলে তিনি জানান।

এই বৈঠককে ইতিবাচক উল্লেখ করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, প্রথম দফায় রাজ্যের দার্জিলিং, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও আলিপুরদুয়ার জেলায় প্রধানমন্ত্রী ধনধান্য যোজনা চালু করার জন্যে কেন্দ্রের অনুমোদন পাওয়া গেছে। এছাড়াও স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের উন্নয়নে লাখপতি দিদি প্রকল্প নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় দুই হাজার ৪০০ কিলোমিটার রাস্তা তৈরির জন্যে প্রথম দফায় কেন্দ্র সরকার এক হাজার কোটি টাকা বরাদ্দ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান।

-------------------

পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তর ও সরকারি প্রতিষ্ঠানে দুর্নীতি এবং আর্থিক অনিয়মের অভিযোগ খতিয়ে দেখতে এক সদস্যের বিচারবিভাগীয় তদন্ত কমিশন গঠন করা হয়েছে। কমিশনের নেতৃত্বে থাকছেন কলকাতা হাই কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসু।

২০১১ সালের মে মাস থেকে ২০২৬ সালের মে মাস পর্যন্ত সময়কালে শিক্ষা, খাদ্য ও সরবরাহ, বিপর্যয় মোকাবিলা, পুর ও পঞ্চায়েত, আবাসন, মৎস্য, শিল্প, পূর্ত, ভূমি, জিটিএ-সহ বিভিন্ন সরকারি দপ্তরে প্রাতিষ্ঠানিক দুর্নীতির অভিযোগের তদন্ত করবে এই কমিশন।

সরকারি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কমিশনের তদন্তের আওতায় থাকবে ঘুষ, তোলাবাজি, সরকারি প্রকল্পে দুর্নীতি, আমপান পুনর্বাসন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, মিড ডে মিল প্রকল্প-সহ বিভিন্ন ক্ষেত্রে আর্থিক অনিয়মের অভিযোগ। পাশাপাশি ক্ষমতার অপব্যবহার, বেআইনি গ্রেফতার বা মিথ্যা মামলা, সরকারি চাকরিতে দুর্নীতি, শিক্ষা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে অনিয়ম, বেআইনি নির্মাণে প্রশাসনিক মদত এবং সরকারি তহবিলের অপব্যবহারের অভিযোগও খতিয়ে দেখা হবে।

------------------

রাজ্য সরকার পিএম পোষণ প্রকল্পে শিশুপিছু রান্নার খরচ বাড়িয়েছে, প্রকল্পের আওতায় থাকা স্কুলগুলিতে এলপিজি সংযোগের অনুমোদন দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ সমাজমাধ্যমে জানিয়েছেন, ৫১লক্ষ ৬১ হাজার প্রাক প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীর জন্য প্রতিদিন শিশু প্রতি রান্নার খরচ ৬টাকা ৭৮ পয়সা থেকে বাড়িয়ে দশ টাকা ধার্য করা হয়েছে, পিএম পোষণের স্কুলগুলিতে একশ

শতাংশ এলপিজি সংযোগের অনুমোদন দেওয়া হয়েছে। রাজ্য সরকার ইউনিট প্রতি এলপিজি সংযোগের জন্য ৩হাজার টাকা করে খরচ বহন করবে। প্রায় ৪১৪ কোটি ৬৩ লক্ষ টাকা ব্যয়ে এই পদক্ষেপগুলি শিশুদের জন্য নিরাপদ রান্নাঘর এবং আরো পুষ্টিকর খাবার সুনিশ্চিত করবে। এছাড়া ২লক্ষ ২৪ হাজার রাধুনী ও সহায়কের মাসিক বেতন ২হাজার টাকা থেকে বাড়িয়ে তিন হাজার টাকা করার অনুমোদন দেওয়া হয়েছে। এর জন্য অতিরিক্ত প্রায় ২২৪ কোটি টাকার আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এজন্য সামগ্রিকভাবে ৬শো ৩৯ কোটি টাকা ব্যয় হবে। রাজ্যের প্রতিটি শিশুকে নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশে পুষ্টিকর খাবার দিতে এবং যারা প্রতিদিন তাদের সেবা করেন, তাঁদের পাশে থাকতে সরকার অঙ্গীকারবদ্ধ  বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

-------------------

পশ্চিমবঙ্গ পুলিশের শীর্ষ স্তরে আরেকদফা বড়সড় রদবদল করা হয়েছে। রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের এক নির্দেশিকায় আজ একযোগে ৩৩ জন আইপিএস এবং ডব্লিউবিপিএস আধিকারিককে নতুন দায়িত্বে নিয়োগ করা হয়েছে।

সবচেয়ে উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্যে রয়েছে, ডিজি কারা নটরাজন রমেশ বাবুকে রাজ্য সিআইডির ডিজি পদের অতিরিক্ত দ্বায়িত্ব দেওয়া হয়েছে । এতদিন সিআইডির অতিরিক্ত দায়িত্বে থাকা সুপ্রতিম সরকারকে এডিজি, টেলিকমিউনিকেশনস পদে পাঠানো হয়েছে। উত্তরবঙ্গ অঞ্চলের এডিজি ও আইজিপি কে. জয়ারামনকে অর্থনৈতিক অপরাধ দমন শাখার অধিকর্তা করা হয়েছে।

-------------------

সীমান্ত সুরক্ষাকে আরও সুদৃঢ় করে অনুপ্রবেশ সহ অন্যান্য অবৈধ কাজ রোখার পরিকাঠামো গঠনে রাজ্য সরকার সীমান্ত সুরক্ষা বাহিনী বিএসএফ-কে এপর্যন্ত এক হাজার ২৪ একরেরও বেশি জমি হস্তান্তর করেছে। নবান্নে আজ মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে, গত শুক্রবার পর্যন্ত নদীয়া, মুর্শিদাবাদ, মালদা, দুই দিনাজপুর সহ নয় জেলায় বাহিনীকে মোট এক হাজার ২৪ দশমিক ৭/৫ একর জমি দেওয়া হয়েছে। এরমধ্যে মুর্শিদাবাদে সবচেয়ে বেশি ৩৩৭ একর জমি এবং জলপাইগুড়ি জেলায় সবচেয়ে কম দুই দশমিক ১/৭ একর জমি দেওয়া হয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

-------------------

কোচবিহারের পুন্ডিবাড়ি এলাকার হোগলা বাড়িতে রেললাইনে কাজ করার সময় ট্রেনে কাটা পড়ে দুই শ্রমিকের মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। আজ সকাল এগারোটা নাগাদ এই দুর্ঘটনা ঘটে। কয়েকজন শ্রমিক রেললাইনে কাজ করার সময় বঙ্গাইগাঁও - নিউ জলপাইগুড়ি ইন্টারসিটি এক্সপ্রেস ওই লাইনে চলে এলে সুধন বিশ্বাস এবং অসীম সরকার নামে ওই দুই শ্রমিক প্রাণ হারান।

-------------------

প্রায় ২০ বছর পর কলকাতায় আসছেন তসলিমা নাসরিন। আগামী পয়লা আগষ্ট রবীন্দ্র সদনে একটি অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। অনুষ্ঠানের অন্যতম আয়োজক সংগঠন সেক্যুলার মিশনের তরফে কলকাতা হাইকোর্টের আইনজীবী ওসমান মল্লিক আকাশবাণী কে জানিয়েছেন, রাজ্যের প্রগতিশীল মানুষের দীর্ঘ প্রতীক্ষার অবসান হতে চলেছে। এর সঙ্গে রাজনীতির কোন যোগ নেই জানিয়ে তিনি বলেন সরকারের তরফে তার নিরাপত্তা নিশ্চিত করতে সব রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে ।

উল্লেখ্য, ২০০৭ সালে তসলিমার ‘দ্বিখণ্ডিত’ উপন্যাসের প্রকাশ ঘিরে উত্তাল হয়ে উঠেছিল মহানগর। পরিস্থিতি সামাল দিতে তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য সেনা মোতায়েন করতে বাধ্য হন। রাজ্য সরকার তসলিমার বিতর্কিত ওই বইটিতে নিষেধাজ্ঞা জারি করে। এরপর তাকে কলকাতা ছেড়ে চলে যেতে হয়।

------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বজ্রপাত থেকে সুরক্ষায় নারকেল গাছের চারা বসানোর ওপর বিশেষ জোর দিয়েছেন। কলকাতায় আজ অরণ্য সপ্তাহের সূচনা করে তিনি বলেন, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে এর জন্য নারকেল গাছের চারা বিতরণের নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রী আরও জানান, এবার ৭০টি বড় আকারের রথযাত্রার উৎসব হবে। সেখানে রাজ্য সরকারের তথ্যসংস্কৃতি, স্বাস্থ্য দপ্তর ও পুলিশের সহায়তায় যে সেবা ক্যাম্পগুলি গড়ে তোলা হবে সেখান থেকে চারা গাছ বিতরণের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া এবছর ৭ কোটি ২০ লক্ষ বৃক্ষরোপনের যে লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে তার মধ্যে পরিবেশ দিবসে ৯ লক্ষ রোপন করা হয়েছে। তিনি অভিযোগ করেন, বিগত সরকার ১৫ বছরে সব কিছু ধ্বংসের পাশাপাশি গাছও ধ্বংস করেছে।

(বাইট-মুখ্যমন্ত্রী)

ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া এবং উত্তরবঙ্গেও বহু গাছ কেটে ফেলা হয়েছে। তাই ব্যাপক বনসৃজনের মাধ্যমে রাজ্যের পরিবেশ রক্ষা, অরণ্য সম্পদ তৈরি এবং জঙ্গলের জীবজন্তু রক্ষা করতে হবে। মুখ্যমন্ত্রী জানান, শুধু গাছ লাগালেই নয়, সেই গাছকে রক্ষণাবেক্ষণের দায়িত্বও নিতে হবে।

------------------

পূর্ব কলকাতা জলাভূমি সংরক্ষণে গড়িমসি নিয়ে উষ্মা প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহা বলেছেন, গত তিন বছর ধরে এই মামলায় তাঁর বেঞ্চে কেবল রিপোর্টই জমা পড়ছে, কাজের কাজ কিছুই হচ্ছে না। এখন থেকে প্রতি মাসে এক্ষেত্রে কি পদক্ষেপ করা হচ্ছে, তা লিখিতভাবে আদালতকে জানাবার নির্দেশ দিয়েছে বিচারপতি সিনহা। রাজ্য সরকার, কলকাতা পুরসভা এবং কেন্দ্রীয় নগরোন্নয়ন দপ্তর রামসার সাইট হিসাবে খ্যাত গুরুত্বপূর্ণ এই জলাভূমি সংরক্ষণে বদ্ধপরিকর বলে আদালতে জানিয়েছে। মামলার পরবর্তী শুনানি আগামী ১৪ ই আগস্ট।

-------------------

সন্ত শোভাযাত্রার মধ্য দিয়ে আজ হুগলীতে বৈদ্যবাটী থেকে তারকেশ্বর শ্রাবনী মেলার পুণ্য যাত্রার সূচনা হয়েছে। সুসজ্জিত রথ ও শিবের বিশাল মূর্তিতে সেজে উঠেছে লোকনাথ মন্দির সংলগ্ন প্রাঙ্গন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে বহু সন্ন্যাসী ও ভক্তজন এই উপলক্ষ্যে সেখানে সমবেত হন। তারকনাথ মন্দির থেকে বাওনার পাড় মোড় পর্যন্ত মিছিল হয়। সন্ত সভায় আশীর্বচন রাখেন তারকেশ্বর মঠের মহন্ত। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এদিন তারকেশ্বরে বলেন, এতোদিন তারকেশ্বর ধাম অবহেলিত ছিল। এবার শ্রাবণী মেলা ও পুণ্যযাত্রাকে ঘিরে তীর্থযাত্রীদের স্বাচ্ছন্দ্যের জন্য সরকার যাবতীয় আয়োজন করছে। প্রতি পাঁচ কিলোমিটার অন্তর সরকারী সেবাকেন্দ্র থাকবে। থাকবে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, জল এবং ও আর এস-এর ব্যবস্থা।

বাইট – মুখ্যমন্ত্রী

-------------------

দিব্যাঙ্গজনেদের আত্মনির্ভরতা ও আত্মবিশ্বাস বাড়িয়ে তোলার ওপর সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে বলে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন দপ্তরের মন্ত্রী বীরেন্দ্র কুমার মন্তব্য করেছেন। নন্দন চত্বরে আজ ন দিনের দিব্য কলা মেলার সূচনা করে তিনি বলেন, দিব্যাঙ্গজনেদের জন্য এই মেলা শুধুমাত্র কেনা বেচার জায়গা নয়, আসল লক্ষ্য হল, এইসব মানুষ জনকে সমাজের মূল ধারায় সামিল করা।

বাইট

অনুষ্ঠানে রাজ্যের মহিলা শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মালতি রাভা রায় বলেন, দিব্যাঙ্গজনেদের স্বনির্ভর করে তুলতে রাজ্য সরকার প্রশিক্ষনের পাশাপাশি তাঁদের উৎপাদিত পণ্য বাজারজাত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে।

কলকাতার রবীন্দ্র সদনে আজ ন্যাশনাল অ্যাকশন ফর মেকানাইজড স্যানিটেশন ইকোসিস্টেম বা নমাস্তে-র সূচনা হয়। রাজ্যে সাফাইয়ের কাজে নিযুক্ত কর্মীদের নিরাপত্তা বিষয়ক সরঞ্জাম বিতরণ করা হয়। অনুষ্ঠানে অন্যদের সঙ্গে উপস্থিত ছিলেন, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রামদাস অটওয়ালে প্রমুখ।

------------------

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিম বাংলাদেশের উপর আগামী ২৪ ঘণ্টার মধ্যে একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এদিকে মৌসুমী অক্ষরেখা এ রাজ্যের বাঁকুড়ার উপর দিয়ে বিস্তৃত হওয়ায় এ রাজ্যে বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। দক্ষিণবঙ্গে আগামীকাল পর্যন্ত বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকলেও বৃহস্পতিবার থেকে তা আবার বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামীকাল উত্তর

ও দক্ষিণ ২৪ পরগণা, দুই মেদিনীপুর ও ঝাড়গ্রামে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গে দার্জিলিং ও জলপাইগুড়িতে বৃষ্টি বাড়তে পারে। মৎস্যজীবীদের আগামীকাল থেকে শনিবার পর্যন্ত গভীর সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

------------------ ------------------